

প্রথম আলো

২০২১ সালে শতভাগ ইন্টারনেট: পলক

অনলাইন ডেস্ক

২৫ নভেম্বর ২০১৭, ১১:১৪

আপডেট: ২৫ নভেম্বর ২০১৭, ১১:১৬



ভারতে অনুষ্ঠিত ‘গ্লোবাল সাইবার স্পেস সম্মেলন-২০১৭’-এর ‘ব্রিজিং দ্য ডিজিটাল ডিভাইড-এমপাওয়ারিং বাই টেকনোলজি লেড ইনক্লুসিভনেস’ শীর্ষক সম্মেলনে ডিজিটাল বাংলাদেশ সম্পর্কে তথ্য তুলে ধরেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। ২০২১ সাল নাগাদ দেশে শতভাগ মানুষের কাছে ইন্টারনেট সংযোগ পৌঁছাতে কাজ কাজ করছে সরকার। এ লক্ষ্যে বাংলা গভর্নেন্ট, ইনফো সরকার-২ প্রকল্পের পর ইনফো সরকার-৩ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এ ছাড়া ‘কানেকটেড বাংলাদেশ’ নামের একটি প্রকল্প নেওয়া হয়েছে। ভারতে অনুষ্ঠিত ‘গ্লোবাল সাইবার স্পেস সম্মেলন-২০১৭’-এর ‘ব্রিজিং দ্য ডিজিটাল ডিভাইড-এমপাওয়ারিং বাই টেকনোলজি লেড ইনক্লুসিভনেস’ শীর্ষক সম্মেলনে এ কথা বলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত সম্মেলনে প্রতিমন্ত্রী বলেন, প্রযুক্তিবৈষম্য কমাতে চ্যালেঞ্জ হচ্ছে ডিজিটাল অবকাঠামো তৈরি ও সহজ সেবা, সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা, ডিজিটাল যন্ত্র ও অ্যাপ্লিকেশন ব্যবহার, দক্ষতাসম্পন্ন জনগোষ্ঠীর অভাব ও সামাজিক ও অর্থনৈতিক সমতা সৃষ্টি করা। এ বিষয়গুলোয় গুরুত্ব দেওয়া হচ্ছে। ২০২১ সালের মধ্যে হার্ডওয়্যার, সফটওয়্যার এবং গবেষণা ও উন্নয়ন খাত থেকে পাঁচ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

সম্মেলনে ২০টি দেশের তথ্যপ্রযুক্তিমন্ত্রী এবং ১৩৬ দেশের আলোচকেরা অংশ নেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২৩ নভেম্বর সম্মেলনের উদ্বোধন করেন। বিজ্ঞপ্তি।